

(সংস্করণ-২)
সহ. (সংস্করণ-২)
১৩/২/২০১৯

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য
সেবা বিভাগের অধীন নার্সিং ও মিডওয়াইফারি
অধিদপ্তরের “সিনিয়র স্টাফ নার্স” (১০ম গ্রেড)
পদে ফলাফল স্থগিত ০২ জন প্রার্থীর চূড়ান্ত
ফলাফল

প্রেস বিজ্ঞপ্তি

নম্বর : ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১৭.০০১.১৯-৫৬

তারিখ : ১৬.০২.২০১৯

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অধীন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের “সিনিয়র স্টাফ নার্স” (১০ম গ্রেড) পদের স্থগিত প্রার্থীদের ফলাফল প্রকাশ।

বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ১৯.০৮.২০১৮ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১৭.০০১.১৮.২৫ নং বিজ্ঞপ্তিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অধীন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের “সিনিয়র স্টাফ নার্স” (১০ম গ্রেড) পদের ২৮ জন প্রার্থীর ফলাফল তথ্য বিভ্রাট/প্রশাসনিক কারণে কর্ম কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী স্থগিত রাখা হয়। তন্মধ্যে ২০.১২.২০১৮ তারিখে ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১৭.০০১.১৮-৩৮ নম্বর বিজ্ঞপ্তিতে ২৬ জন প্রার্থীকে “সিনিয়র স্টাফ নার্স” পদে সুপারিশ করা হয়। অবশিষ্ট ০২ জন স্থগিত প্রার্থীর বিষয়ে অধিকতর যাচাই বাছাইপূর্বক কর্ম কমিশন কর্তৃক গঠিত উচ্চ পর্যায়ের কমিটির সুপারিশের ভিত্তিতে ফলাফল স্থগিত নিম্নোক্ত ০১ জন প্রার্থীকে “সিনিয়র স্টাফ নার্স” পদে নিয়োগের জন্য সরকারী কর্ম কমিশন কর্তৃক সাময়িকভাবে (provisionally) মনোনয়ন প্রদান করা হয়েছে :

রেজিস্ট্রেশন নম্বর : ০০৯১৭৬ = ০১ জন।

২. প্রয়োজনীয় কাগজপত্র/ডকুমেন্টস দাখিল না করায় ফলাফল স্থগিত অবশিষ্ট ০১ জন প্রার্থীর (রেজিস্ট্রেশন নম্বর ০০১৭৩৮) প্রার্থিতা কর্ম কমিশন কর্তৃক বাতিল করা হয়েছে।

৩. প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সাথে প্রদত্ত তথ্য, ডকুমেন্টস, সনদ ইত্যাদি, বিজ্ঞাপনের শর্ত, আবেদনপত্রে প্রার্থী কর্তৃক প্রদত্ত অঙ্গীকারনামা এবং কমিটি বরাবর চাহিত তথ্য ও কাগজপত্র দাখিলের ভিত্তিতে কর্ম কমিশন প্রার্থীকে এই শর্তে সাময়িকভাবে সুপারিশ করেছে যে, নিয়োগের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রার্থীর সনদ, ডকুমেন্টস ও কাগজপত্রের সত্যতা যাচাইপূর্বক নিশ্চিত হয়ে চূড়ান্ত নিয়োগ প্রদান করবে।

৪. সরকারী কর্ম কমিশন কর্তৃক সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীর ক্ষেত্রে পরবর্তীতে কোনো সময়ে কোনো যোগ্যতার বা কাগজপত্রাদির ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা যে কোনো উল্লেখযোগ্য (substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর সাময়িক সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে। চাকুরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ পেলে বা প্রমাণিত হলে চাকুরি থেকে বরখাস্ত করা ছাড়াও প্রার্থীর বিরুদ্ধে যে কোনো উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৫. স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেন্সি কর্তৃক প্রাক-নিয়োগ জীবন-বৃত্তান্ত যাচাইয়ের পর নিয়োগকারী কর্তৃপক্ষ সুপারিশকৃত প্রার্থীকে নিয়োগ প্রদান করবে।

৬. প্রকাশিত ফলাফলে কোনো ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের ক্ষমতা কর্ম কমিশন সংরক্ষণ করে। সুপারিশকৃত প্রার্থীকে সংশ্লিষ্ট অধিদপ্তরের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

৭. ফলাফল কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd - এ পাওয়া যাবে।

৪

স্বাক্ষরিত
[আ. ই. ম. নেহার উদ্দিন]
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]

ফ্রেশ